সেবাই আমাদের ধর্ম

# গাংনী পৌরসভা কার্যালয়

গাংনী, মেহেরপুর

## TLCC-সভার কার্যবিবরণী:

**স্থান : পৌরসভা মিলনায়তন** **তারিখ: ২৬-০৬-২০২৫ খ্রিঃ** **সময় : বিকাল- ৩.০০ ঘটিকা**

**সভাপতি : জনাব আনোয়ার হোসেন, প্রশাসক, গাংনী পৌরসভা, মেহেরপুর**

সভায় সম্মানীত সদস্যদের উপস্থিতি : পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | বিগত ইং ২০-০৩-২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য TLCC সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন এবং গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি পর্যালোচনা। | সভার শুরুতেই সভার সভাপতির অনুমতিক্রমে পৌরসভার ভারপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রকৌশলী জনাব মোঃ শামীম রেজা অদ্যকার সভার কার্যক্রম শুরু করেন।<br>অদ্যকার সভার সভাপতি জনাব আনোয়ার হোসেন, প্রশাসক গাংনী পৌরসভা উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। অদ্যকার সভার সভাপতি সাহেব বলেন- আমরা আশা করছি আপনারা সবসময় পৌর পরিষদকে সার্বিক সহযোগীতা করবেন।<br>অতপর সভাপতির অনুমতিক্রমে পৌরসভার ভারপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রকৌশলী জনাব মোঃ শামীম রেজা সদস্য-সচিব, TLCC গংনী পৌরসভা IUGIP প্রকল্পের ২৮ টি বাধ্যতা মুলক কার্যক্রম-এর বিষয়ে সভায় আলোকপাত করেন। এরপর সভাপতির অনুমতিক্রমে পৌরসভার ভারপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রকৌশলী জনাব মোঃ শামীম রেজা ও সদস্য-সচিব, TLCC গাংনী পৌরসভা বিগত ইং ২০-০৩-২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং বিগত কিছু কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেনে। এরপর TLCC সভার সম্মানিত সদস্যবৃন্দ সভায় কায়বিবরণী নিয়ে আলোচনা পর্যলোচন করেন এবং কোন সংশোধনী না থাকায় TLCC সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিগত সভার গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করা হয়। সম্মানিত সভাপতি সাহেব সভায় উপস্থিত কমিটির সকল সদস্যকে পৌরসভার পক্ষ হতে ধন্যবাদ জানান। | ক) সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্রসভা সর্বসম্মতিক্রমে অনুমোদন করে।<br>**খ) TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়।**<br>**গ) আগামী ২৭ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC-র সভা করা।**<br>**ঘ) সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং যথাসময়ে PMO তে প্রেরন করা হবে।**<br>ঙ) বিগত সভার গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং কার্যক্রম যথানিয়মে সমাপ্ত হয়েছে কিনা তদারকির জন্য টিএলসিসির অন্যতম সদস্য জনাব রাজু আহম্মেদ কে দায়িত্ব দেওয়া হয়। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০২ | TLCC গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ১১৫ ধারা)। | আলোচনার অংশ নিয়ে ভারপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা সাহেব জানান পৌরসভার আইন, ২০০৯ এর ১৫ ধারা অনুযায়ী গাংনী পৌরসভায় নগর সমন্বয় কমিটি গঠন করা হয়েছে এবং ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা কার্যক্রম সচল রাখার জন্য ০৭ দিন পূর্বে সকল সদস্যদের মধ্যে নোটিশ ও সভার কার্যবিবরণী বিতরণ চলমান আছে। অদ্যকার সভার উপস্থিত সকল সদস্য এবিষয়ে সন্তোষ প্রকাশ করেন। | **১. যথা নিয়মে অনুসরণ করে TLCC গঠন করায় অত্রসভার পক্ষ থেকে প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।** | প্রশাসক/পৌরপরিষদ/ পৌর নির্বাহী কর্মকর্তা | |
| ০৩ | IUGIP প্রকল্পের আওতায় Beautification (পার্ক) নির্মাণ সর্ম্পকে আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ প্রসঙ্গে। | IUGIP প্রকল্পের আওতায় Beautification (পার্ক) নির্মাণ কার্যক্রম নিয়ে আলোচনাকালে সহকারী প্রকৌশলী জনাব শামীম রেজা সভাকে জানান যে, গাংনী পৌর এলাকাধীন ৭নং ওয়ার্ড পূর্ব মালসাদহে দহখালের দু'পাড়ের উপর পরিবেশবান্ধব ও জলবায়ুর প্রভাব মোকাবেলায় দৃষ্টিনন্দন বিউটিফিকেশন পার্ক নির্মাণের জন্য ঠিকাদার কর্তৃক কাজ শুরুর প্রাক্কালে কাজে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। সেপ্রেক্ষিতে (১) সহকারী কমিশনার (ভূমি) গাংনী, মেহেরপুর বিগত ২৭ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখের ০৫.৪৪.৫৭৪৭.০০০.২৩.০০৯.২৪-৯২৬ সংখ্যাক স্মারকে গাংনী উপজেলাধীন গাংনী মৌজায় ৬১ নম্বর গাংনী মৌজায় ১১.৭২ একর জমির উপর দহ খালের উপর (দুই পাড়) পৌরবাসীর বিনোদনের নিমিত্তে এবং মুক্ত বাতাস ও পরিবেশ বান্ধব দৃষ্টিনন্দন পার্ক নির্মাণের অনুমতি প্রদানের বিষয়ে মহোদয়ের সদয় নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট ইউনিয়ন ভুমি সহকারী কর্মকর্তা, গাংনী পৌরসভা কর্তৃক যাচাই করা হয়েছে। যাচিত প্রতিবেদন সংযুক্ত। ভুমি মন্ত্রণালয় কর্তৃক ০৭ মার্চ ১৯৯৫ তারিখে ভু:ম: শা-৮- খাজব-৪৬৮৪-১২৪, সংখ্যক স্মারকে জারীকৃত অকৃষি খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা, ১৯৯৫ এর ২.০ অনুচ্ছেদের সজ্ঞা অনুযায়ী আবেদনে উল্লিখিত তফশীলে বর্ণিত ১.৪৭ একর জমি ১নং খাস খতিয়ানভুক্ত অকৃষি খাস জমি এবং ৮.০৮ একর আর, এস মোতাবেক মালিকানায় রেকর্ডীয় জমি। তদপ্রেক্ষিতে ভুমি ব্যবস্থাপনা ম্যানুয়েল, ১৯৯০ এর ১১০ নম্বর অনুচ্ছেদ এবং ১১৩ ও ১১৫ নম্বর অনুচ্ছেদের বুনিয়াদে সরকারের ভুমি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ও জনস্বার্থে দহ খালের প্রবাহমানতা স্বাভাবিক রাখার শর্ত সাপেক্ষে ১নং খাস খতিয়ানভুক্ত জমি দীর্ঘ মেয়াদী লীজ প্রদান এবং ব্যক্তি মালিকানায় রেকর্ডভুক্ত জমি স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ অনুযায়ী অধিগ্রহণ করা গেলে পার্ক নির্মাণ করা যেতে পারে এবং ২১ এপ্রিল ২০২৫খ্রি. তারিখের গা/পৌ/২০২৫.৭৩নং স্মারকে পার্ক নির্মাণের | ১। এলাকার বাসিন্দাদের সহিত প্রশাসক মহোদয়, সহকারী প্রকৌশলী এবং টিএলসিসির সদস্যসহ গণ্যমাণ্য ব্যক্তিদের সমন্বয়ে পরামর্শের ভিত্তিতে ও জেলা প্রশাসক মহোদয়ের প্রেরিত পত্রের আলোকে সমাধানের মাধ্যমে দ্রুত পার্ক নির্মাণ কাজ শুর করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়<br>২। দৃষ্টিনন্দন বিউটিফিকেশন পার্ক নির্মাণের জন্য নির্বাচিত ঠিকাদার সাহেবকে কাজ করার তাগিদ দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়<br>৩। নক্সা মোতাবেক কাজ বুঝে নেয়ার জন্য গাংনী পৌরসভায় নিয়ুক্ত প্রকৌশলগণকে অনুরোধ করা হলো।<br>৪। সহকারী কমিশনার (ভূমি) গাংনী, মেহেরপুর বিগত ২৭ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখের ০৫.৪৪.৫৭৪৭.০০০.২৩.০০৯.২৪-৯২৬ সংখ্যাক স্মারকের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক/পৌর পরিষদ/ পৌর নির্বাহী কর্মকর্তা | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
| --- | --- | --- | --- | --- | --- |
| | | উদ্ভুত সমস্যার সমাধানের নির্দেশনা চেয়ে জেলা প্রশাসক মহোদয়, মেহেরপুর বরাবর পত্র প্রেরণ করা হয়। ১২ মে ২০২৫ খ্রি. তারিখের ০৫.৪৪.৫৭০০.০০৮.১৮.০৩২.২৫-২৫৩ সংখ্যাক নং স্মারকাদেশে গাংনী পৌরসভার পূর্ব মালসাদহ দহ খালের (দুই পাড়ে) দৃষ্টিনন্দন পার্ক নির্মাণ সংক্রান্ত অভিযোগের বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে এবং স্থানীয়ভাবে আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করেন। এবিষয়ে উপস্থিত সকলের মতামত প্রয়োজন। এবিষয়ে ১) ক্রীড়াসংগঠক, খেলাধুলার ধারাভাষ্যকার ও টিএলসিসি কমিটির অন্যতম সদস্য জনাব মোঃ সুলেরী আলভী ২) গাংনী থানাপাড়ার বিশিষ্ট সমাজ সেবক ও গাংনী পৌরসভার সাবেক কাউন্সিলর জনাব মোঃ এনামুল হক ৩) মোহনা টিভির বিশিষ্ট সাংবাদিক ও গাংনী বাজারের বিশিষ্ট ব্যবসায়ী জনাব মোঃ ফারুক হোসেন ৪) গাংনী বাজারের বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিবিদ জনাব মোঃ জামাল হোসেন, ৫) গাংনী উত্তরপাড়ার বিশিষ্ট সমাজ সেবক জনাব মোঃ বাবলু হোসেন, ৬) বাশঁবাড়ীয়া টেকনিক্যাল ও এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ জনাব মোঃ আবুল কালাম আজাদ স্বপন ৭) বিশিষ্ট সাংবাদিক ও সমাজ সেবক জনাব মোঃ তোফায়েল হোসেন ৮) গাংনীর পৌরসভার সাবেক প্যানেল মেয়র ও বিশিষ্ট রাজনীতিবিদ জনাব মোঃ ইনসারুল হক ইনসু ৯) বাংলাদেশ জামায়েত ইসলামী গাংনী উপজেলা শাখার প্রতিনিধি জনাব মোঃ জাহাঙ্গীর আলম ১০) গাংনী উপজেলার সাবেক উপজেলা চেয়ারম্যান ও বাংলাদেশ জামায়েত ইসলামীর সূরা সদস্য. বিশিষ্ট রাজনীতিবিদ ও বিশিষ্ট ব্যবসায়ী জনাব মোঃ নাজমুল হুদা ১১) বিশিষ্ট সাংবাদিক ও গাংনী প্রেস ক্লাবের সভাপতি জনাব তৌহিউদ্দোলা রেজা ১২) বিশিষ্ট সাংবাদিক সাইদ হোসেন ১৩) গাংনী বাজারের ওয়ালটন প্লাজার স্বত্ত্বাধীকারী ও দহখালের পাড়ের ধনাঢ্য জনাব মোঃ মাহাবুবুল বারী সাজু ১৪) বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক গাংনী উপজেলা শাখার প্রতিনিধি জনাব মো: মুজাহিদুল ইসলাম, ১৫) গাংনী উপজেলার বিশিষ্ট রাজনীতিবিদ ও সাহারবাটী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান জনাব মোঃ আসাদুজ্জামান বাবলু ১৬) গাংনী উপজেলার বিশিষ্ট রাজনীতিবিদ ও তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল ইসলাম, ১৭) গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, বিশিষ্ট সমাজ সেবক ও রাজনীতিবিদ জনাব মোঃ | | | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | সামসুল হক সোনা, ১৮) গাংনী পৌরসভার কর্মসম্পাদনে সহায়তা কমিটির সদস্য ও গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব আসাদুজ্জামান ও ১৯) দৈনিক ইত্তেফাক পত্রিকার সিনিয়র সাংবাদিক ও বিশিষ্ট সমাজ সেবক জনাব মোঃ আমিরুল ইসলাম অল্ডাম,২০) গাংনী বাজার কমিটির সম্মানীত সভাপতি জনাব মোঃ সালাউদ্দীন সাওন বলেন গাংনী পৌরসভা প্রতিষ্ঠিত হওয়ার পর জীবনযাত্রার মান ও নাগরিক সেবা বৃদ্ধি পাওয়ায় প্রতিনিয়ত গাংনী পৌর এলাকায় নতুন নতুন স্থাপনা গড়ে উঠছে। অবসরে বিনোদনের জন্য কোন পার্ক না থাকায় গাংনী পৌর এলাকার জন্য জনগণের চাহিদার প্রেক্ষিতে পার্ক নির্মাণের বিষয়ে নিজ নিজ মতামত ব্যক্ত করেন। সকলেই পার্ক নির্মাণের কাজ চলমান রাখার জন্য জোরালোভাবে মতামত ব্যক্ত করেন। পৌরবাসীদের বৃহতস্বার্থে যেকোনো প্রতিবন্ধকতা ঐক্যমতের ভিত্তিতে মোকাবেলা করার আশ্বাস প্রদান করেন। এলাকার বাসিন্দা জনাব মোঃ আব্দুল্লাহীল মারুপ পলাশ বলেন দহখালে বর্ষকালে দু'পাড়ের বাসিন্দারা মাছ ধরে এবং পাট পচন করেন। উক্ত জায়গায় পার্ক হলে দু'পাড়ের বাসিন্দারা সমস্যায় পড়বে। ঐস্থানে পার্ক না করলে দহখালের দু'পাড়ের চাষীরা পাট পচনে উপকৃত হবে। | | | |
| ০৪ | গাংনী পৌরসভার ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত ও ২০২৫-২০২৬ অর্থ বৎসরের খসড়া প্রস্তাবিত বাজেট সম্পর্কে আলোচনা ও অনুমোদন | অদ্যকার সভায় পৌর নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০২৫-২০২৬ অর্থ বছরে পৌরসভার প্রস্তাবিত খসড়া বাজেট টিএলসিসি সভায় ধারাবাহিক ভাবে উপস্থাপন করেন। উক্ত বাজেটের উপর আলোচনায় হিসাব রক্ষক জনাব শাহিনুর জামান রাজস্ব বাজেট বরাদ্দে (IUGIP) প্রকল্পের পরিচালক মহোদয় কর্তৃক নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প ৪৬.০২.০০০০.৭৯৬.১৪.১৪৮.২০২৪.৭০৪(৮৮),নং স্মারকের ০৪/০৩/২০২৫ তারিখের পত্রের আলোকে GESIAP ও PRAP এ ১% এবং O&M এ ২৫% বরাদ্দ ছাড়াও পত্রে উল্লেখিত অন্যান্য বিষয়ে বরাদ্দ রাখার নির্দেশনা প্রদান করেন। উক্ত বিষয়ের উপরে বিস্তারিত আলোচনা শেষে উল্লিখিত বিষয় গৃহিত হয়।<br>আলোচনায় অংশ নিয়ে TLCC–র সদস্য জনাব মোঃ হুমায়ুন কবীর, জনাব রাজু আহম্মেদ বলেন- পৌরসভার উন্নয়ন কাজের গতি বৃদ্ধি সহ টেকসই উন্নয়ন এবং নতুন অর্থ বছরে নতুন উন্নয়ন পরিকল্পনা গ্রহনের আহবান জানান এবং সে সাথে পৌর সুপার মার্কেট, 'তহ' বাজার আধুনিকিকরণ, জরুরী পাকা রাস্তা নির্মান করার প্রস্তাব দেন এবং কাজের গতি বাড়ানোর পরামর্শ দেন। পরবর্তিতে সহকারী প্রকৌশলী বলেন- O&M খাতে বিশেষ নজর দেওয়া হবে। সভা O&M এর কাজে প্রতি সন্তোষ প্রকাশ | ১. GESIAP ও PRAP এ ১% এবং O&M এ ২৫% বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২. পৌর সুপার মার্কেট, ট বাজার আধুনিকিকরণ, জরুরী পাকা রাস্তা নির্মান করার প্রস্তাব দেন এবং কাজের গতি বাড়ানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারী প্রকৌশলী। | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | করেন। | | | |
| ০৫ | "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)"এর আওতায় অন্যান্য অবকাঠামো উন্নয়ন সম্পর্কে আলোচনা | পৌরসভার উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ করার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় উন্নয়ন কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটি সকল উন্নয়ন কাজ তদারকি করে। সহকারী প্রকৌশলী জানান কিছু কাজ প্রায় সমাপ্ত হয়েছে কিছু কাজ চলমান আছে। কাজের মান সন্তোষজনক। সহকারী প্রকৌশলী আরো জানান পৌরসভার সরকারী উন্নয়ন তহবিল ও রাজস্ব তহবিল হতে উন্নয়নমূলক কাজ চলমান আছে। তিনি আরো জানান IUGIP প্রকল্পের কাজ চলমান। কাজের মান সন্তোষজনক। | ১. উন্নয়ন কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটিকে আরো দায়িত্বশীল হওয়ার সুপারিশ করা হয়।<br>২. ক্ষতিগ্রস্থ রাস্তা সমুহ মেরামত করার সিদ্ধান্ত সুপারিশ আকারে গৃহীত হয়।<br>৩. IUGIP প্রকল্পের কাজ যথাসময়ে বাস্তবায়নের জন্য সুপারিশ করা হয়। | প্রশাসক/সহকারী প্রকৌশলী/উন্নয়ন বাস্তবায়ন কমিটি। | |
| বিবিধ: ৬ (১) | WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) | আলোচনার শুরুতেই পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভার পূণ:গঠিত ওয়ার্ড (WC) কমিটি গঠন করা হয়। গঠনকৃত WC এর কার্যক্রম সচল রাখার জন্য ০৭ দিন পূর্বে সকল সদস্যদের মধ্যে নোটিশ ও সভার কার্যবিবরণী বিতরণ চলমান আছে। কার্যাবলী নিয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনাকালে WC কমিটির সদস্যসচিব জনাব রাজু আহম্মেদ, উপ-সহকারী প্রকৌশলী সভাকে অবগত করান। WC কমিটির সভা সমুহ সঠিক সময়ে করা হয় এবং সভার সিদ্ধান্ত সমুহ অনুমোদনের জন্য TLCC সভায় উপস্থাপন করা হয়। সভায় WC কমিটির কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে গুরুত্বপূর্ণ সমস্যগুলো চিহ্নিত করা এবং পৌর পরিষদের সভায় আলোচনা সাপেক্ষে চিহ্নিত সমস্যাগুলো সমাধানের উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়। | ১. জুলাই-সেপ্টেম্বর/২০২৫ ত্রৈমাসিক WC-র সভা সম্পন্ন করা এবং সভার কার্যবিবরনী প্রস্তুত করে **PMO তে প্রেরণ করা সহ সংশ্লিষ্টদের কপি সরবরাহ** করা।<br>২. গুরুত্বপূর্ণ সমস্যগুলো চিহ্নিত করে পৌরপরিষদের সভায় আলোচনা সাপেক্ষে সমস্যাগুলো সমাধানের উদ্যোগ গ্রহণ করা । GESIAP এবং PRAP বাবদ রাজস্ব বাজেটে ১% বরাদ্দ রাখা এবং বরাদ্দ অনুযায়ী যথাসময়ে খরচ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে TLCC সভায় অনুমোদিত হয়। | প্রশাসক /পৌরপরিষদ / সহকারী/উপ -সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষক | |
| বিবিধ : ৬ (২) | নাগরিক সনদ ( সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | নাগরিক সনদ (CC) বা সিটিজেন চার্টার নিয়ে আলোচনা কালে TLCC সদস্য জনাব শুকুর আলী এবং রেজা আহম্মেদ, মিডিয়া কর্মী সিটিজেন চার্টার গুরুত্বপূর্ণ স্থানে নাগরিক সনদ (CC) স্থাপন করার সুপারিশ করেন। জবাবে পৌরসভার ভারপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা সাহেব জানান পৌরসভা অফিসের সামনে নতুন ভাবে সিটিজেন চার্টার স্থাপন করা হয়েছে এবং গাংনী বাজার বাসস্ট্যান্ডসহ আরোও ০২ টি জনসমাগম | ১. নতুনভাবে আরো ০২ টি নাগরিক সনদ (CC) গাংনী বাজার বাসস্ট্যান্ডসহ জনসমাগম স্থানে স্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক /পৌর নির্বাহী কর্মকর্তা/ | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | স্থানে স্থাপন করা। | | উপ-সহকারী প্রকৌশলী | |
| বিবিধ : ৬ (৩) | তথ্য ও অভিযোগ প্রতিকার (GRC) সেল গঠন ও কার্যকর রাখা। | তথ্য ও অভিযোগ প্রতিকার সেল নিয়ে আলোচনা কালে অত্র পৌরসভার ভারপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রকৌশলী জনাব মোঃ শামীম রেজা জানান পৌরসভার প্রবেশ দ্বারে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে এবং কোন অভিযোগ জমা পড়লে প্রাপ্ত অভিযোগ গুলি রেজিস্টারে সংরক্ষণ করা হয়। সকল অভিযোগ GRC কমিটি কর্তৃক বিবেচনায় নিয়ে উভয় পক্ষের উপস্থিতিতে অভিযোগ নিস্পত্তি করা হয়। অভিযোগসমূহের বিবরণ পৌরপরিষদের মাসিক সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে অত্রসভার পক্ষ থেকে GRC-র কার্যক্রম চালু করায় প্রশাসক,গাংনী পৌরসভাকে সর্বসম্মতিক্রমে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ১. প্রাপ্ত সকল অভিযোগ যথাসময়ে রেজিষ্টারে লিপিবদ্ধ করা এবং এ ধারা অব্যহত রাখা।<br>২. GRC কমিটি অভিযোগ বিবেচনায় নিয়ে উভয় পক্ষের শুনানী গ্রহন করা এবং এ ধারা অব্যহত রাখা।<br>৩. সমাধানকৃত অভিযোগসমূহের বিবরণ TLCC-র সভাতে এবং পৌরপরিষদের মাসিক সভায় আলোচনা করা। | সভাপতি, GRC কমিটি | |
| বিবিধ: ৬ (৪) | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | (PDP) বিষয়ে আলোচনায় অংশ নিয়ে টিএলসিসির অন্যতম সদস্য জনাব আমিনুল কবির বলেন- পৌরসভার যাবতীয় উন্নয়ন পরিকল্পনার PDP অনুযায়ী করা হয় এবং সকল উন্নয়ন পরিকল্পনা PDP-তে অর্ন্তভূক্ত আছে। | ভবিষ্যতে PDP সংশোধন কাজে পরিষদসহ টিএলসিসি সদস্যদের মতামত গ্রহন করা হবে। | পৌর পরিষদ/পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারী প্রকৌশলী | |
| বিবিধ: ৬ (৫) | জেন্ডার(GAP)কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | জেন্ডার(GAP)কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির কার্যক্রম নিয়ে আলোচনাকালে সভাকে জানানো ২০২৫-২০২৬ অর্থ বছরে পৌরসভার রাজস্ব বাজেটে GAP খাতে বরাদ্ধ রাখা হয়েছে।<br>অত:পর আলোচনায় অংশ নিয়ে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভাপতি জনাব ডাঃ সুপ্রভা রানী বলেন কমিটির নিয়মিত মাসিক সভা করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করা হয়। এ ছাড়াও তিনি অত্র সভাতে নারীদের সেলাই প্রশিক্ষন, জেন্ডারের ইস্যু সমুহ, GAP বাস্তবায়নের কর্ম-পরিকল্পনা, হাস-মুরগী পালনের বিষয়ে প্রশিক্ষণের প্রয়োজনীয়তার কথা সভায় উপস্থাপন করেন।<br>নারী ও শিশু বিষয়ক কমিটির মহান উদ্যোগকে সাধুবাদ জানান। | ১। নিয়মিত সভা করা এবং সভার কার্যবিবরনী প্রস্তুত করে সদস্যদের মাঝে বিতরন করা ও যথাসময়ে PMO অফিসে প্রেরণ করা।<br>২।২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী **কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।**<br>**৩।হত-দরিদ্রদের মাঝে স্বাস্থ্য সম্মত রিং-স্লাব বিতরন**<br>৪। হাস-মুরগী পালনের বিষয়ে প্রশিক্ষণ প্রদান।<br>৫। সেলাই মেশিন বিতরন।<br>৬। অসহায় ও দুস্থদের মাঝে হাসের বাচ্চা বিতরণ।<br>৭। আর্থিক অনুদান দেওয়া।<br>৮। পঙ্গুদের মাঝে হুইল চেয়ার | সভাপতি/সদস্য-সচিব GAP | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | বিতরণ করা। | | |
| বিবিধ: ৬ (৬) | **দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)** | আলোচনার শুরুতেই দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব বলেন PRAP খাতে বাজেট বরাদ্দের ১% বাবদ ৫,৫৬,০০০/- টাকা রাখা হয়েছে। উক্ত বরাদ্দের মধ্যে এপ্রিল-জুন-২০২৫ পর্যন্ত ব্যয় হয়েছে ৭০% টাকা তিনি আরো বলেন উক্ত কমিটির মাসিক সভা নিয়মিত করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করা হয়। গাংনী দাশপাড়া বস্তি উন্নয়ন কমিটির সভাপতি দুর্গা দাশী, চৌগাছা খৃষ্টানপাড়া বস্তি উন্নয়ন কমিটির সভাপতি জনাব লিপি কস্তা, গাংনী ঈদগাহপাড়া বস্তি উন্নয়ন কমিটির সভাপতি জনাব বিলকিস খাতুন জানতে চান কতদিন নাগাদ আমাদের বস্তি উন্নয়নের কাজ শুরু করা হবে। দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব মোঃ আতিয়ার রহমান বলেন, আশা করছি- ২০২৫ সালের মধ্যে বস্তি উন্নয়নের কাজ শুরু হবে।দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির মাধ্যমে স্বাস্থ্য সেবা, আর্থিক সাহায্য, সাবলম্বী করণ, অসহায় ও দরিদ্রদের মাঝে চাল,ডাল, নগদ অর্থ, ঔষুধ ক্রয়, শিক্ষা উপকরণ ইত্যাদি ক্রয় করে বিলি করার জন্য অত্রসভা মেয়র সাহেবকে অনুরোধ করেন। | ১. নিয়মিত সভা করা এবং সভার কার্যবিবরনী প্রস্তুত করে সদস্যদের মাঝে বিতরন করা।<br>২. ২০২৫-২০২৬ বাজেট বরাদ্দ অনুযায়ী **দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।** | প্রশাসক/সভাপতি/সদস্য-সচিব, দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। | |
| বিবিধ: ৬ (৭) | হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | আলোচনার শুরুতে অত্রপৌরসভার ভারপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ শামীম রেজা সাহেব জানান ইং ২০২৫-২০২৬ অর্থ বছরের মধ্যে এপ্রিল-জুন/২০২৫ মাসের ত্রৈমাসিকে সরকারী ও বেসরকারী মোট পৌরকর আদায়ের পরিমান ৭৭০০৫২৩ টাকা। এছাড়াও তিনি আরো জানান ২০২৫-২০২৬ অর্থ বছরে পৌর করের দাবীর পরিমান ছিল ১৬৫০০০০০টাকা। আদায়ের পরিমান সন্তোষজনক না হওয়ায় সভাতে ক্ষোভ প্রকাশ করা হয়।পরবর্তিতে সভায় পৌরকর আদায় করা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পৌরসভার কর আদায় বিষয়ে আলোচনার জন্য সভায় উপস্থিত TLCC-র সদস্য ও আমন্ত্রিত অতিথিবৃন্দদের শুভেচ্ছা জানিয়ে অদ্যকার সভার সভাপতি প্রশাসক মহোদয়, গাংনী পৌরসভা বলেন-আপনারা আদায় সংক্রান্ত তথ্য ইতোমধ্যে শুনেছেন। তিনি আরো বলেন বিভিন্ন প্রতিবন্ধকতার কারণে আমরা কাঙ্খিত লক্ষে পৌছাতে পারি নাই তবে চেষ্টা অব্যহত আছে। আশা করছি আপনাদের সহযোগিতায় আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরে কাঙ্খিত পৌরকর আদায় করতে সক্ষম হবো। পরিশেষে আমি পরিষদের পক্ষ থেকে আপনাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। আশা করছি আপনারা আমাদেরকে সকল কাজে সার্বিক সহযোগীতা করবেন। আশা করছি আপনাদের সহযোগিতা পেলে আদায়ের লক্ষ্যমাত্রায় পৌছাতে পারবো। | ১. সভার সিদ্ধান্ত মোতাবেক আদায় বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট কাউন্সিলরদের সহযোগীতায় সমস্ত পৌর এলাকায় মাইকিং, ক্যাম্পেইন, কর লাপিদের নেটিশ প্রদান এবং মহল্লায় মহল্লায় টিম প্রেরনের মাধ্যমে পৌরকর আদায়।<br>২. উঠান বৈঠক ও WC বৈঠকে কর আদায় বিষয়ে আলোচনা করা। | প্রশাসক/সংশ্লিষ্ট ওয়ার্ড সমন্বয়কারী সদস্য/কর আদায়কারী/ TLCC -র সদস্যবৃন্দ। | |
| বিবিধ: ৬ (৮) | পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স | পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ বিষয়ে আলোচনাকালে হিসাব রক্ষক সভাকে জানান যে, IUGIP প্রকল্পের পরিচালক মহোদয় কর্তৃক নগর পরিচালন | ১. কর বহির্ভূত রাজস্ব আয় বাড়ানোর জন্য আয়ের খাত চিহ্নিত করার জন্য পৌরপরিষদকে অনুরোধ | প্রশাসক/পৌর নির্বাহী | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | ব্যাতীত)। | ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প পরোক্ষ কর দাবীর বিপরীতে কমপক্ষে ৯০% আদায়ের নির্দেশনা দেন। সে মোতাবেক এপ্রিল-জুন-২০২৫ আদায় হয়েছে । রাজস্ব আদায় বৃদ্ধির বিষয়ে আলোচনাকালে জনাব লিপি, মোছাঃ সাহারন খাতুন হাট-বাজার ইজারা ও বকেয়া আদায় নিয়ে বিভিন্ন প্রশ্ন রাখেন। আলোচকবৃন্দ কর বহির্ভূত রাজস্ব আয় বাড়ানোর প্রস্তাব করেন। পৌর এলাকায় চলাচলরত ইজি-বাইক বা রিক্সা, ভ্যানের লাইসেন্স প্রদানে অধিক গুরুত্ব দেয়ার জন্য অনুরোধ করেন। তবে এ বিষয়ে তিনি কিছু পরামর্শ প্রদান করেন এবং কর বহির্ভুত রাজস্ব আয়ের খাত বাড়ানোর প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে এ সকল বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | করেন।<br>২. চলতি ২০২৫-২০২৬ অর্থ বছর হতে পৌর এলাকায় ইজি-বাইক চলাচলের অনুমতি পত্র এবং রিক্সা, ভ্যানের লাইসেন্স প্রদানে অধিক গুরুত্ব দেয়ার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়। | কর্মকর্তা/বাজার পরিদর্শক/লাইসেন্স পরিদর্শক। | |
| বিবিধঃ ৬ (৯) | কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন বিষয়ে আলোচনাকালে কর আদায়কারী সভাকে অবগত করান যে পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে প্রশাসক মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়। প্রশাসক মহোদয় TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদেরকে পৌরকর আদায়ের হার আরো বৃদ্ধির জন্য আন্তরিক হওয়ার অনুরোধ জানান। | ১. কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>২.পৌরকরেরত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে প্রশাসক মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।<br>৩. প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. আদায় প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরনের সিদ্ধান্ত হয়। | কর আদায়কারী/ সহকারী কর আদায়কারী। | |
| বিবিধঃ ৬ (১০ ) | পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | পানির বিল নির্ধারণ ও সংগ্রহ বিষয়ে আলোচনাকালে সহকারী প্রকৌশলী (পানি সরবরাহ) সভাকে জানান বেশ কিছু গুরুত্বপূর্ণ সমস্যার কারনে পানি সরবরাহ ব্যবস্থা বন্ধ ছিল তবে বর্তমানে চালু করা হয়েছে। চলতি ইং ২০২৫-২০২৬ অর্থ বছর হতে পূণরায় পূর্ণাঙ্গরূপে পানি সরবরাহ শুরু করার কথা ছিল কিন্তু অনিবার্যকারণ:বশতঃ সেটা সম্ভব হয়ে ওঠেনি। অচিরেই শুরু করা হবে। পানির বিল হতে কোন অর্থ আদায় হয় নাই। | ১. বকেয়া পানির বিল গ্রাহকদের আদায় করা জন্য তালিকা প্রস্তুত করা।<br>২. যথা সময়ে বিদ্যুৎ বিল পরিশোধ করা।<br>৩. পানির ০৩ পি পাম্প চালু করার সুপারিশ করা হয়।<br>৪. পানির বিল মাসিক সভাতে নির্ধারণ করার সুপারিশ করা হয়।<br>৫. যে সমস্ত গ্রাহক সাব-মার্সিবল পাম্প বসিয়েছে তাদের বাৎসরিক রেট নির্ধারণ করার জন্য সুপারিশ করা হয়। | প্রশাসক/সহকারী প্রকৌশলী(পানি সরবরাহ) | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| বিবিধঃ ৬ (১১) | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি ঃ (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)। | গত ২৪-০৬-২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভায় পৌরসভা পৌরসভার ভারপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা জানান দাপ্তরিক প্রয়োজনে পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ অত্যন্ত জরুরী। প্রশিক্ষণ বিষয় ছাড়াও ২০২৫-২০২৬ অর্থ বছরের খসড়া বাজেট নিয়ে আলোচনা করা হয় এবং সকল বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রশাসক গাংনী পৌরসভার নিকট সর্বসম্মতিক্রমে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত আছে। কমিটির সুপারিশ বাস্তবায়ন করার জন্য প্রশাসক, গাংনী পৌরসভাকে অনুরোধ করা হয়। সর্বপরি অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটিকে অত্রসভা ধন্যবাদ জ্ঞাপন করেন। | ১. আগামী ২৪ সেপ্টেম্বর, ২০২৫ মাসের মধ্যে অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভা করা হবে।<br>২. খসড়া বাজেট আগামী ২৬/০৬/২০২৫ তারিখ টিএলসিসি সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়। | প্রশাসক/সভাপতি/পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষক | |
| বিবিধঃ ৬ (১২) | অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | অডিট এন্ড একাউন্টস বিষয়ক স্থায়ী সভায় অডিট এন্ড একাউন্টস বিষয়ক স্থায়ী কমিটির সভা গত ইং ২৩-০৬-২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। আগামী ইং ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রাক বাজেট (খসড়া) প্রস্তুত করার বিষয়ে সুপারিশে প্রশাসক মহোদয়ের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. আগামী ইং ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রাক বাজেট(খসড়া) প্রস্তুত করার বিষয়ে সুপারিশে প্রশাসক মহোদয়ের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.পরবর্তি রিপোর্টে হিসাব সংক্রান্ত কম্পিউটার সফটওয়্যার রিপোর্ট প্রদান করার হবে। | হিসাব সহকারী | |
| বিবিধঃ ৬ (১৩) | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন বিষয়ে আলোচনা কালে পৌরসভার হিসাবসহকারী(ভার) জানান জানুয়ারী-২০২৫ তারিখ হতে কম্পিউটারাইজড ব্যবস্থা চালু করনা হবে। মাসিক, ত্রৈ-মাসিক ও বাৎসরিক ব্যাংক ষ্টেটমেন্ট সংরক্ষণ করা হয়। | ১. প্রতিবেদন প্রশাসক মহোদয়ের-এর নিকট উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা/হিসাবসহকারী | |
| বিবিধঃ ৬ (১৪) | বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ। | বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ করা নিয়ে আলোচনার শুরুতেই সভাকে জানানো হয় পৌর সভাতে হাল টেলিফোন বিল ও হাল বিদ্যুৎ বিল বকেয়া নাই। তবে বিগত সময়ের বিদ্যুৎ বিলের টাকা বকেয়া আছে। বকেয়া টাকা প্রতি তিন মাস পরপর পর্যায়ক্রমে পরিশোধ করা হচ্ছে। | ১. ৩০/০৬/২০২৫ তারিখর মধ্যে ৭০% বিদ্যুৎ বিল পরিশোধ করার ব্যবস্থা নেওয়া হবে। | প্রশাসক পৌর নির্বাহী কর্মকর্তা/হিসবসহকারী | |
| বিবিধঃ ৬ (১৫) | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন করার বিষয়ে আলোচনা কালে সভাকে জানানো হয় পৌরসভার স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করা চলমান আছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, | ১. স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদসমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক/সহকারী প্রকৌশলী/ষ্টে | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। | | ারকীপার | |
| ২০ | সকল সরকারি ঋণ পরিশোধ করা | সকল সরকারি ঋণ পরিশোধ করার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয়-অত্র পৌরসভা কোন সংস্থা বা সরকারি ঋণ গ্রহন করে নাই। | ১. ভবিষ্যতে কোন ঋণের টাকা গ্রহন করিলে নিয়মিতপরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষক | |
| বিবিধ: ৬ (১৬) | স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা নিয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় পৌরসভা আইন,২০০৯ এর ৫৫ ধারা অনুযায়ী পৌরসভায় ১২টি স্থায়ী কমিটি পূণ:গঠন করা হয়েছে। কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। উক্ত স্থায়ী কমিটি সমুহ ইতোমধ্যে এপ্রিল-জুন-২০২৫ মাসের সকল সভা বিভিন্ন তারিখে সম্পন্ন করেছে। সভা সমূহের কার্যবিবরনী তৈরী করে PMO অফিসে প্রেরণ করা হয়। কমিটি সমুহের কার্যক্রম চলমান থাকায় সভা সন্তোষ প্রকাশ করেন। | ১. আগামী ৩০ সেপ্টেম্বর,২০২৫ ইং কোয়ার্টারের সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভা সমূহের কার্যবিবরনী তৈরী করে PMOঅফিসে প্রেরণ করা হবে। | কমিটির সভাপতি ও সদস্য-সচিব | |
| বিবিধ: ৬ (১৭) | সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | প্রকল্পের আওতায় পৌরসভার নির্বাচিত প্রতিনিধি, পৌর নির্বাহী কর্মকর্তা, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, হিসাব রক্ষক, বস্তি উন্নয়ন কর্মকর্তা, কর আদায়কারী, লাইসেন্স পরিদর্শক, এ্যাসেসরদেরকে প্রশিক্ষণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. নির্বাচিত প্রতিনিধি এবং পৌরসভার কর্মকর্তা- কর্মচারী ও বিভিন্ন কমিটির সদস্যদের কে আগামীতে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য প্রকল্প পরিচালক মহোদয়কে অনুরোধ করা হয়। | প্রশাসক ও পৌর নির্বাহী কর্মকর্তা/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | |
| বিবিধ: ৬ (১৮) | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন করা ওবিতরন করা চলমান আছে। আগামীতে এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার, পৌরকর, পানি সরবরাহ কর. ট্রেডলাইসেন্স ও ডিজিটাল সেন্টার করা হবে। গাংনী পৌরসভার ওয়েবসাইট চলমান। | ১. অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন ও বিতরন অব্যহত রাখা। ২ . ২০/০৭/২০২৫ সকল তথ্য ওয়েব সাইটে প্রকাশ করার সিদ্ধান্ত হয়। | প্রশাসক ও পৌর নির্বাহী কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | |
